

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩১৭৮

পর্ব-১৩: বিবাহ (১১১। ১১১)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - যে নারীদেরকে বিয়ে করা হারাম

আরবী

وَعَنِ الضَّحَّاكِ بْنِ فَيْرُونِ الدَّيْلَمِيِّ عَنْ أَبِيهِ قَالَ: قَلْتُ: يَا رَسُولَ اللَّهِ إِنِّي أَسْلَمْتُ وتحتي أَختَان قَالَ: «اختر أيتها شِئْتَ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاؤُدَ وَابْنُ مَاجَهْ

বাংলা

৩১৭৮-[১৯] যহহাক ইবনু ফায়র্র্য আদ্ দায়লামী (রহঃ) তাঁর পিতা হতে বর্ণনা করেন। তিনি বলেন, আমি বললাম, হে আল্লাহর রসূল! আমি মুসলিম হয়েছি, কিন্তু আমার অধীনে দু' স্ত্রী পরস্পর দু' বোন। উত্তরে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, তাদের মধ্যে কোনো একজনকে পছন্দ কর (রাখতে পার)। (তিরমিয়ী, আবূ দাউদ, ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] হাসান : তিরমিয়ী ১১৩০, ইবনু মাজাহ ১৯৫১, আবূ দাউদ ২২৪৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ইমাম শাফি'ঈ, মালিক ও আহমাদ (রহঃ)-এর মতে কোনো পুরুষ যদি ইসলাম কবুল করে এবং তার অধীনে যদি দু'বোন স্ত্রী হিসেবে থাকে আর উভয় যদি তার সাথে ইসলাম কবুল করে। তবে দুই স্ত্রীর যে কোনো একজনকে রেখে অপরজনকে বিচ্ছেদ করে দিতে হবে। মিরকাতুল মাফাতীহে অনুরূপ বর্ণনা রয়েছে। 'আল্লামা খত্ত্বাবী (রহঃ) বলেনঃ এ হাদীসে দলীল রয়েছে যে, দু'জন স্ত্রীর একজনকে পছন্দ করলেই অন্যটির সঙ্গে বিবাহ বিচ্ছেদ হবে না, তালাক না দেয়া পর্যন্ত। ('আওনুল মা'বূদ ৪র্থ খন্ড, হাঃ ২২৪০)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ যাহহাক বিন ফাইরূয দায়লামী (রহঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন